পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

**OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS**
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4075
Fax : 88-02-9667222
E-mail :examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ৯৭১/শা-২(ক)/প.

তারিখঃ ২৪ পৌষ ১৪২৫
০৭ জানুয়ারি ২০১৮

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০১৭ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার পরীক্ষার্থীদের আবেদন ফরমপূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

### ১। শিক্ষার্থী কর্তৃক আবেদন ফরমপূরণ, জমাদান ও কলেজ কর্তৃক ডাটা এন্ট্রি করার তারিখ ঃ

| ক্র. নং | পরীক্ষার্থীদের ফি- এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক আবেদন ফরম পূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ | ব্যাংক ড্রাফটের তারিখ | ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবরণী ফরম, সফটকপি ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১ | ১ম বর্ষ (৭০০ নম্বর) নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট | ৮০০/- (৭০০/- ফি + ১০০/- ইন-কোর্স ফি) | ০৯/০১/২০১৯ থেকে ২৬/০১/২০১৯ | ২৭/০১/২০১৯ | ২৮/০১/২০১৯ |
| ০২ | সার্টিফিকেট কোর্স | ৩০০/- (২০০/- ফি + ১০০/- ইন-কোর্স ফি) | | | |
| ০৩ | মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন | ৪০০/- (৩০০/- বিশেষ অন্তর্ভুক্তি ফি) + ১০০/- হারে (প্রতি পত্র) | | | |
| ০৪ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | ৭৫০/-( ১। কলেজের অংশ-৩০০/- ২। কেন্দ্রের অংশ-৪৫০/-) | | | |

**(উল্লেখ্য, প্রতি বর্ষে ভর্তির সময় ২০০/- টাকা হারে ইন-কোর্স (নিয়মিত, প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স) ফি সংশ্লিষ্ট কলেজ গ্রহণ করে ইন-কোর্স পরীক্ষা সম্পন্ন করবে)**

### ৩। আবেদন ফরম সংগ্রহ ঃ

ডিগ্রী (পাস) ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম কলেজ কর্তৃপক্ষের নিকট থেকে সংগ্রহ করে পরীক্ষার্থী স্বহস্তে ফরম পূরণ করবেন। পরীক্ষার্থী আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফি-সহ স্ব-স্ব বিভাগ/অফিসে জমা দিবে।

## ৪। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

### নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

i. ২০১৬-১৭ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii. ২০১৪-১৫ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫ ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫ ও ২০১৬ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iii. ২০১৩-১৪ , ২০১৪-১৫ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সেসকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iv. ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (C-Promoted) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

v. উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে **"স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস"** আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

vi. ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ বাঞ্চনীয়।

## ৫। ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ মানোন্নয়ন পরীক্ষা ঃ

i. ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C, D ও F গ্রেড পেয়েছে তারা C ও D গ্রেড পাওয়া সর্বোচ্চ দু'টি ও F প্রাপ্ত কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii. ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৫ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট যে সকল শিক্ষার্থী ২০১৬ সালের ১ম বর্ষ পরীক্ষায় অনুপস্থিত কোর্সে পরীক্ষা দিয়ে C **অথবা** D গ্রেড পেয়েছে সে সকল শিক্ষার্থীগণ ২০১৭ সালের এ পরীক্ষায় অনুপস্থিত কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

### সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের জন্য

i. ২০১৬-১৭ শিক্ষাবর্ষের সার্টিফিকেট কোর্স-এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii. এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

## ৫। পাঠ্যসূচি ঃ

২০১৭ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার সকল শিক্ষার্থীকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

## ৬। পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ

পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফি-সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয় কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত ডিগ্রীর পেপার কোডের পত্র ছাড়া অন্য কোন পেপার কোডের পত্র আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। **কলেজের জন্য করণীয়** ঃ

যে সকল পরীক্ষার্থী ২০১৭ সনের ডিগ্রী পাস ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের রেজিস্ট্রেশন ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কলেজের নিজস্ব ই-মেইলে প্রেরণ করা হবে। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্তু সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে এবং তালিকায় তাঁর ডাটা না পাওয়া যায় সে ক্ষেত্রে তার রেজাল্ট কপি ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে (ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত) পরীক্ষার্থীদের ডাটা নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, অফিস প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে ও সফ্টকপি examcontrollera7c@du.ac.bd -এ ই-মেইলে প্রেরণ করবে এবং ফটোকপি কলেজ সংরক্ষণ করবে।

৮। **ফি জমাদানের পদ্ধতি** ঃ

২০১৬ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:- ৪৪০৫৭০৩০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

৯। **বিবরণী ফরম জমা** ঃ

আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী অফিস প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কক্ষ নং ৩১০ -এ নির্ধারিত তারিখে জমা দিতে হবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করবে।

১০।**ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ** ঃ

নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিজ নিজ কলেজে উপস্থিত হয়ে ইন-কোর্স পরীক্ষায় ফরম পূরণের পূর্বে অংশগ্রহণ করবে। কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের প্রতিটি পত্রের ইন-কোর্স/টিউটোরিয়াল নম্বর আবেদন ফরম পূরণের নির্ধারিত সেশনে যারা, যে কোডে ফরমপূরণ করবে সে কোডের ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ করতে হবে এবং এর এককপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, জনাব মোঃ মনিরুল ইসলাম-এর নিকট ও সফ্টকপি examcontrollera7c@du.ac.bd প্রেরণ করতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট অফিসে সংরক্ষণ করতে হবে।

১১। **ফলাফল** ঃ

এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

১২। **পাশ নম্বর** ঃ

| | |
|---|---|
| কোর্সের নম্বর | ১০০ (৪ ক্রেডিট) (৮০ নম্বর লিখিত পরীক্ষা এবং ২০ নম্বর ইনকোর্স) |
| সর্বনিম্ন পাস নম্বর | ৪০ |
| সর্বনিম্ন গণনাযোগ্য ক্রেডিট | D |

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক ৮/১/২০২১
ঢাকা বিশ্ববিদ্যালয়
e-mail: examcontrollera7c@du.ac.bd